

10383 - সুয়ুতি কে?

প্রশ্ন

সুয়ুতি কে?

প্রিয় উত্তর

সুয়ুতি: তিনি হাফেয আব্দুর রহমান বিন আল-কামাল আবু বকর বিন মুহাম্মাদ বিন সাবেকুদ্দীন বিন আল-ফাখর বিন ওছমান আল-সুয়ুতি। তাঁর উপাধি হচ্ছে- জালালুদ্দিন। তাঁর কুনিয়ত বা উপনাম হচ্ছে- আবুল ফজল। তিনি ৮৪৯ হিঃ সালে জন্মগ্রহণ করেন। তিনি ইয়াতিম ছিলেন। আট বছর বয়সের আগেই তিনি কুরআন শরীফ মুখস্ত করেন। অল্প বয়স থেকেই ইলম অর্জন শুরু করেন। ইলম অর্জনের পথে তিনি বহুবার সফরে বের হন। তিনি শাম, হেজাজ, ভারত ও পশ্চিমাঞ্চল সফর করেন। নানা বিষয়ে তার রচিত গ্রন্থের সংখ্যা প্রচুর। তিনি তাফসির, হাদিস, ফিকাহ, সিরাত, ইতিহাস ইত্যাদি বিষয়ে গ্রন্থ রচনা করেন। তিনি সংকলন ও গ্রন্থনায় মশগুল থাকতেন। প্রচুর সংকলনের কারণে তাঁর গ্রন্থের মধ্যে সহিহ, দুর্বল ও বানোয়াট, সত্য-মিথ্যা সবকিছু স্থান পেয়েছে। কারো কারো মতে, তাঁর গ্রন্থের সংখ্যা ৬০০ এর কাছাকাছি। তিনি ৯১১ হিঃ সালে মৃত্যুবরণ করেন।